২০

দৈনিক সংবাদ

তারিখ 14 JAN 1987
পৃষ্ঠা ... ৮ ... কলাম ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষা বিভাগের ৮টি উপ-পরিচালকের দপ্তর গঠিত

সরকার শিক্ষা বিভাগের বর্তমান চারটি বিভাগীয় অফিসের স্থলে আটটি আঞ্চলিক উপ-পরিচালকের দপ্তর গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। পুনঃগঠিত আঞ্চলিক দপ্তরসমূহ ৩১শে জানুয়ারী থেকে কাজ শুরু করবে। শিক্ষামন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তির বরাত দিয়ে বাসস এখবর জানায়।

নতুন আঞ্চলিক দপ্তরসমূহ হবে ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, কুমিল্লা, রাজশাহী, রংপুর, বরিশাল এবং খুলনা।

ঢাকা অন্চলের আওতাধীন জেলাসমূহ হবে ঢাকা, নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, গাজীপুর, নরসিংদী, রাজবাড়ী এবং ফরিদপুর। ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, জামালপুর, শেরপুর এবং টাংগাইল জেলা নিয়ে ময়মনসিংহ আন্চলিক দপ্তর গঠিত হবে। চট্টগ্রাম, কক্সবাজার, রাঙামাটি, বান্দরবন, খাগরাছড়ি, নোয়াখালী, ফেনী এবং লক্ষ্মীপুর থাকবে চট্টগ্রাম অঞ্চলের অধীনে এবং কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, সিলেট, হবিগঞ্জ মৌলভী বাজার ও সুনামগঞ্জ জেলা নিয়ে কুমিল্লা অঞ্চলের উপ-পরিচালকের দপ্তর প্রতিষ্ঠিত হবে।

রাজশাহী অঞ্চলের উপ-পরিচালকের দপ্তরের অধীনে থাকবে নওয়াবগঞ্জ, নওগাঁ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, পাবনা এবং সিরাজগঞ্জ জেলা ও রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও এবং পঞ্চগড় জেলা নিয়ে গঠিত হবে রংপুর উপ-পরিচালকের দপ্তর।

বরিশাল, পিরোজপুর- ঝালকাঠি, ভোলা, পটুয়াখালী, বরগুনা, গোপালগঞ্জ, শরীয়তপুর, এবং মাদারীপুর জেলা নিয়ে গঠিত হবে বরিশাল আঞ্চলিক উপপরিচালকের দপ্তর এবং খুলনা উপ-পরিচালকের দপ্তরের অধীনে থাকবে খুলনা, যশোর, নড়াইল, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, সাতক্ষীরা এবং বাগেরহাট জেলা।